উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সভার (৩৫তম সভা) কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
সভার তারিখ্ ঃ ১৩ ডিসেম্বর, ২০২১, সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচী মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| ক্র: নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:<br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | | স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:<br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান। | কার্যক্রম চলমান। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:<br>উপস্থাপনযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি বা সার্কুলার পাওয়া যায়নি। | | |
| | | রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি ও হাট-বাজার সংক্রান্ত হিসাব উপস্থাপন:<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যয় বিবরণী: (নভে:/২১-ডিসে:/২১):<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান-<br>-নভেম্বর/ ২১ মাসের আপ্যায়ন বিল উত্তোলন বাবদ বিল পরিশোধ- ৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদ চত্বরে ঘাষ কাটা মেশিনের তেল ও মবেল ক্রয়ের বিল- ১,৫০০/- টাকা<br>-উপজেলা পরিষদের ০৭টি বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ- ২৯,৯৬৩/- টাকা<br>-উপজেলা পরিষদের টুকিটাকি কাজের বিল পরিশোধ-৯,৬৯১/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মালীর নভেম্বর/২০২১ মাসের মজুরী- ১৪,৩০০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর নভেম্বর/২১ মাসের মজুরী ভাতা- ১৪,৩০০/- টাকা<br>- জনাব আশরাফুল শেখ, পাম্প চালককে নভেম্বর/২০২১ মাসের পারিশ্রমিক ভাতা পরিশোধ -৬,০০০/-টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| | | (খ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা ( নভে:-ডিসে:/২০২১): চলতি মাসে কোন ব্যয় হয়নি। | | |
| | | গ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধকৃত বিলের তালিকা সমন্বয়ের জন্য : (নভে:/২১-ডিসে/২১): - নারুয়া বাজারে সবজি সেড নির্মাণ কাজের জামানত ফেরত- ৬০,৮৭৮/- টাকা | | |
| | | (ঘ) উপজেলা পরিষদের এডিপি হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (নভে:/২০২১-ডিসে:/২১ ):<br>-শালমারা ঠাকুর মাঠ হতে অলংকারপুর মাঠে পানি নিষ্কাশনের জন্য ৩০০ মিঃমিঃ ডায়া পাইপ স্থাপন কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান -২,০০,০০০/- টাকা<br>-শালমারা দক্ষিণপাড়া মাঠ হতে চাপলবাথা খাল পর্যন্ত কৃষি জমির পানি নিষ্কাশনের জন্য ৩০০ মিঃমিঃ ডায়া পাইপ স্থাপন কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান -২,০০,০০০/- টাকা<br>- চরবহরপুর পাকা রাস্তা হতে জনাব আলীর বাড়ী হয়ে ঈদগাহ পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান -২,০০,০০০/- টাকা<br>- কামারদাহ পাকা রাস্তা হতে কওমের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান -২,০০,০০০/- টাকা | | |
| | | (ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা-(নভে:/২০২১-ডিসে:/২০২১ ):<br>-বহরপুর বাজারে শফিকের দোকানের নিকট পাকা রাস্তা থেকে বাজারের মধ্য দিয়ে বাজার মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন প্রকল্পের বিল প্রদান-৫,৪৩,৬২৯/- টাকা<br>-বালিয়াকান্দি বাজারের গার্ড সেড, পোল্টি সেড ও বাজার ব্যবস্থাপনা অফিস সংস্কার কাজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ (প্রকল্প-০৩) কাজের ১ম ও চূড়ান্ত বিল -৪,২৯,৫১৩/- টাকা<br>-আড়কান্দি মধ্য বাজার হতে মসজিদের সামনের কল পর্যন্ত ড্রেন সংস্কার কাজের চূড়ান্ত বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা<br>-তেতুলিয়া বাজারে ০১টি, আড়কান্দি রেলগেট সংলগ্ন ০১টি ও আড়কান্দি সবজি বাজারে ০১টি নলকূপ স্থাপনের বিল পরিশোধ-৫৯,৪৫৪/- টাকা<br>-জামালপুর বাজারে শাহীজামে মসজিদগামী রাস্তা সিসি ঢালাই দ্বারা নির্মাণের বিল পরিশোধ-৮০০০০/- টাকা | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, দাপ্তরিক কার্যাদিসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি আরো জানান যে, বিশেষ করে আসন্ন স্বাধীনতার সুবর্ণজয়ন্ত্রী ও মহান বিজয় দিবস-২০২১ যথাযথ মর্যাদার সাথে পালনের সার্বিক সহযোগিতা প্রদানে সকলের নৈতিক দায়িত্ব ও কর্তব্য রয়েছে। এ জন্য সকলের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য মতামত ব্যক্ত করেন। সেইসাথে বিভিন্ন দাপ্তরভিত্তিক গৃহীত উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্যও অনুরোধ করেন। একইসাথে বিগত সভায় দপ্তরভিত্তিক বিভিন্ন সিদ্ধান্তগুলো যথাযথভাবে সম্পন্ন হয়েছে কি-না এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । প্রসংগক্রমে জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন যে সমস্ত অফিসে নাইট গার্ড রয়েছে তারা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কি-না এ বিষয়ে দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন এবং রাত্রিকালীন সংশ্লিষ্ট সকল নাইট গার্ডকে সরকারী দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য তাদেরকে অনুরোধ করেন। | ১। বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে সম্পন্নের জন্য এবং নাইট গার্ডদের দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও দপ্তর প্রধানগণ |
| | | ২) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের সি সি ক্যামেরাসমূহ সম্প্রসারণের লক্ষ্যে গত মে/২০২০ মাসের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সে আলোকে উক্ত সম্প্রসারণ কাজের আওতায় ১৭টি আইপি ক্যামেরা, ৩২ এনবিআর, ৪০ ইঞ্চির ২টি এলইডি স্মাট এ্যানড্রয়েট টিভি এবং অল এক্সেসোরিশসহ ফিটিং করা হয়েছে। উক্ত সি সি ক্যামেরা সম্প্রসারণ কাজের বিল প্রদানের বিষয়ে পুনরায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২। বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা (ভারপ্রাপ্ত ) জানান যে, হাসপাতালের বিভিন্ন চিকিৎসাসেবা কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। অন্যান্য তথ্য না পাওয়ায় বিস্তারিত উপস্থাপন করা সম্ভব হলো না। | সেবা কার্যকমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। তবে পরবর্তী সভা অনুষ্ঠানের কমপক্ষে ২/৩ দিন পূর্বে লিখিত তথ্য /অগ্রগতি প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ কর্মকর্তা অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা কার্যক্রম ও সম্প্রসারণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । অন্যান্য তথ্য না পাওয়ায় বিস্তারিত উপস্থাপন করা সম্ভব হলো না। | পরবর্তী সভা অনুষ্ঠানের কমপক্ষে ২/৩ দিন পূর্বে লিখিত তথ্য/অগ্রগতি প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থ বছরে কৃষি প্রণোদনার আওতায় রবি ২১ মৌসুমের ৩০০০ কৃষককে এবং বোরো ধানের ১২০ জনকে উফশী ধানের বীজ ও সার এবং ৪০০ জনকে হাইব্রিড ধানের বীজ বিতরণ করা হয়। সম্প্রতি ঘূর্ণিঝড় জাওয়াদের ফলে মাঠে রবি শস্যের ৭৫৪ হেঃ জমি ক্ষতিগ্রস্থ হলেও হালি পেঁয়াজের বীজতলা তেমন ক্ষতিগ্রস্থ হয় নাই। ঘূর্ণিঝড় জাওয়াদের কারণে বিভিন্ন এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হলে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ হাসিবুল হাসান স্বশরীরে উপস্থিত থেকে বাঁধ কেটে পানি নিষ্কাশনের ব্যবস্থা করেন। এ জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ ভাইস চেয়ারম্যান মহোদয়কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বালিয়াকান্দির পক্ষ থেকে অসংখ্য ধন্যবাদ জানানো হয়। এছাড়া দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কৃষি সংশ্লিষ্ট উন্নয়নের পদক্ষেপ যথাযথভাবে গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, কোম্পানীর তৈরী খাদ্যের গুনগত মান পরীক্ষার জন্য ১টি সেম্পল পরীক্ষাগারে জেলা অফিসের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ের সম্প্রসারণ কর্মীদের মাধ্যমে পুকুর জরীপ কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃ পরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬,০২৯ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৫,৩৯০ জন এবং গ্রহণকারীর হার ৭৬.৮৯%। স্থায়ী পদ্ধতি পুরুষ- নাই, স্থায়ী পদ্ধতি মহিলা-১৫ জন, আইইউডি-২০ জন, ইমপ্লান্ট-১২ জন, গর্ভবতীর সংখ্যা ২০৪৫ জন ও নবদম্পতি ৫৮ জন। নরমাল ডেলিভারী ০৬ জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিঃ পরিঃ অফিসার |

<table>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হবে না, বিধায় মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে। এ দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>গৃহীত সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>০৯</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ২১ ও ২২ ডিসেম্বর ২০২১ তারিখে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে । সকলের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া এসএসসি/ সমমানের পরীক্ষা শুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতে চলমান রয়েছে।</td>
<td>এসএসসি/ সমমানের পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>উপজেলা প্রকৌশলী বিভাগ</td>
<td>১। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে প্রাপ্ত অর্থ এবং পরবর্তী কিস্তি হতে প্রাপ্ত অর্থের সমম্বয় করে ইতোমধ্যে প্রকল্প কমিটি ও কোটেশন এর মাধ্যমে কার্যসমূহ সমাপ্ত হয়েছে এবং কিছু কাজের প্রকল্প চলমান রয়েছে। এছাড়া দরপত্র বিঞ্জপ্তির মাধ্যমে নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্যাকেজ প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদের সভায় সদয় অনুমোদন প্রয়োজন। প্রকল্পসমূহ নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>প্রকল্পের সমূহের নাম</th><th>প্রাক্কলিত মূল্য (টাকা)</th></tr>
<tr><td>১।</td><td>i) বালিয়াকান্দি উপজেলাধীন টাকাপোড়া গ্রামে চুনু মিয়ার বাড়ীর নিকট স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন কাজ, ii) বালিয়াকান্দি উপজেলাধীন ইকরচর মসজিদের স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন কাজ, iii) বালিয়াকান্দি উপজেলাধীন কঠুরাকান্দি হাফিজিয়া মাদ্রাসায় স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন কাজ,iv) বালিয়াকান্দি উপজেলাধীন রাজধরপুর বাজারে স্যানিটারী ল্যাটিন ও টিউবয়েল স্থাপন কাজ।</td><td>১৮,০৩,৪৫৬.০০</td></tr>
<tr><td>২।</td><td>i) বহরপুর ইউনিয়নে পাকালি-দহরপাচুরিয়া সড়কে আখের শেখের বাড়ীর নিকট ৯০০ মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন, ii) ইসলামপুর ইউনিয়নের সারুটিয়া কলমি হালটে ৯০০মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন, iii) জামালপুর ইউনিয়নের খালকুলা গ্রামীণ সড়কের চন্দনা নদীর মাথায় ৯০০ মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন, iv) বালিয়াকান্দি ইউনিয়নের বালিয়াকান্দি খালের মধুর বাড়ীর নিকট ৯০০ মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন, v) বালিয়াকান্দি ইউনিয়নের বালিয়াকান্দি খালে হরাজ শেখের বাড়ীর নিকট ৯০০মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন ও vi) জামালপুর ইউনিয়নের খালকুলা গ্রামীণ সড়কের উত্তম মাষ্টার ও পবনের বাড়ীর নিকট ৬০০ মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট উপস্থাপন।</td><td>৫,৭১,৬৮৫.০০</td></tr>
<tr><td>৩।</td><td>i) নবাবপুর ইউনিয়নের পদমদী নিকারিপাড়া - খাসকান্দি সড়কের সিদ্দিকের পুকুরের নিকট ৬০০ মিঃমিঃ পাইপ কালভার্ট স্থাপন, ii) নবাবপুর ইউনিয়নের পদমদী নিকারি পাড়া খাসকান্দি সড়কের পাকার মাথায় নিকট ৯০০মিঃমি ডায়া পাইপ কালভার্ট স্থাপন, iii)নবাবপুর ইউনিয়নের উপজেলা চেয়ারম্যানের পুকুর সংলগ্ন খালে ৯০০মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন, iv) নবাবপুর ইউনিয়নের মেচুয়াঘাটা খালে শাখেকোর বাড়ীর নিকট ৯০০ মিঃমিঃ ডায়া পাইপ কালভার্ট স্থাপন ও v) নবাবপুর ইউনিয়নের বকশিবাড়ী খালে নুরুল ইসলামের বাড়ীর নিকট ৯০০মিঃমিঃ পাইপ কালভার্ট স্থাপন।</td><td>৪,৩২,৬২৩.০০</td></tr>
<tr><td>৪।</td><td>নবাবপুর ইউনিয়নের চরলক্ষিবাড়ী সড়কের শ্যামা মেম্বারের বাড়ী হতে চেয়ারম্যানের বাড়ী পর্যন্ত ১৩৫.০০ মিঃ দীর্ঘ প্যালাসাইডিং স্থাপন।</td><td>৮,০০,০০০.০০</td></tr>
</table>
২। সভায় উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উন্নয়ন তহবিল খাত হতে ব্যয় নির্বাহের মাধ্যমে প্রকল্প অনুমোদন কমিটির সভায় অনুমোদিত প্রকল্পসমূহের মধ্য হতে নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রাক্কলন দরপত্র আহবানের নিমিত্তে প্যাকেজ আকারে অনুমোদন করা প্রয়োজন। প্রাক্কলিত প্রকল্পসমূহ নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>প্রকল্পের সমূহের নাম</th><th>প্রাক্কলিত মূল্য (টাকা)</th></tr>
<tr><td>১</td><td>i) বহরপুর বাজারে মধ্য বাজার কসাইখানা অভ্যন্তরীণ সড়ক আরসিসি দ্বারা নির্মাণ, ii) সোনাপুর বাজারে মনিরের দোকান -</td><td>২৪,৩১,৭৪৭.০০</td></tr>
</table>
</td>
<td>১। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্প সমূহের ০৪(চার) টি প্রাক্কলন ও প্যাকেজ অনুমোদন করা হলো এবং উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>২) বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পসমূহের ০৭(সাত)টি প্রাক্কলন ও প্যাকেজ অনুমোদন করা হলো এবং উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>১) উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br><br>২) উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| | ক্লাব পর্যন্ত আভ্যন্তরীণ সড়ক আরসিসি দ্বারা নির্মাণ ও iii) সোনাপুর বাজারে পাকা সড়ক ক্লাব পর্যন্ত আভ্যন্তরীণ সড়ক আরসিসি দ্বারা নির্মাণ। | |
| ২ | চামটা উচ্চ বিদ্যালয়ের ২টি শ্রেণীকক্ষ ও সিঁড়ি ছাদ পর্যন্ত নির্মাণ। | ২১,৩২,৪৬৯.০০ |
| ৩ | জামালপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের ২টি শ্রেণীকক্ষ ও সিঁড়ি ছাদ পর্যন্ত নির্মাণ। | ২১,৩২,৪৬৯.০০ |
| ৪ | i)নবাবপুর ইউনিয়নের আনন্দবাজার -ঝাউডাংগী সড়ক (২২০মিঃ) এইচবিবি দ্বারা উন্নয়ন ও ii) রামদিয়া বাজার - রামদিয়া রেলষ্টেশন সড়ক (চেঃ ৫০০মিঃ-৭২৮মিঃ) এইচবিবি দ্বারা উন্নয়ন। | ১৬,৫৫,৬৯৭.০০ |
| ৫ | i) বহরপুর ইউনিয়নের নতুনচর-পাকালিয়া সড়ক (১৬৫মিঃ) এইচবিবি দ্বারা উন্নয়ন ও ii) জামালপুর ইউনিয়নের রহমতপুর পাকা সড়ক- কোমরদিয়া পাকা সড়ক (২২০মিঃ) এইচবিবি দ্বারা উন্নয়ন। | ১৪,০০,০০০.০০ |
| ৬ | i) বড়হিজলী পাকা সড়ক - নারুয়া সোনাপুর জিসি সড়ক ভায়া আলেক সরদারের বাড়ী (১৮২মিঃ) অসমাপ্ত অংশ ইটের সোলিং দ্বারা উন্নয়ন ও ii) জংগলর ইউনিয়নের রাসখোলা গঙ্গারামখালী ঘাট চেঃ (০০মিঃ-২৬০ মিঃ) সড়ক ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ১১,০০,০০০.০০ |
| ৭ | i) আড়কান্দি উচ্চ বিদ্যালয়ের ২টি শ্রেণীকক্ষ ও সিঁড়ি লিনটেল পর্যন্ত নির্মাণ ও ii) মীর মোশারফ হোসেন ডিগ্রী কলেজের খেলার মাঠে গোলপোষ্ট নির্মাণ, বালিয়াকান্দি কলেজ এবং রামদিয়া হাই স্কুল মাঠে গোলপোস্ট পুনঃস্থাপন। | ১১,৫১,৮০৭.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিধাবা ও বয়স্ক ভাতাভোগীদের শতভাগ বিকাশ হিসাব খোলার কার্যক্রম চলমান রয়েছে। উক্ত হিসাব খোলার কার্যক্রম সম্পন্ন করে তাদের মাঝে বই বিতরণ করা হবে। এ পর্যায়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান একজনের টাকা যেন অন্যজনের একাউন্টে না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্রসংগক্রমে বহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান বহরপুর ইউনিয়ন পরিষদের যে সংখ্যা ছিল তা তালিকা থেকে অনেকেই বাদ পড়েছে এবং পূর্বের ভাতাভোগীদের মধ্যে ৩০% লোক টাকা পাচ্ছে না মর্মে মতামত ব্যক্ত করেন। পক্ষান্তরে উপজেলা সেবা অফিসার বলেন বরাদ্দের চেয়ে আবেদন বেশী এবং বয়সের কারণে অনেকেই অপেক্ষামান তালিকায় রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিকাশ হিসাব কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | (১)উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ৭৮.০০ লক্ষ, ঋণ আদায় ৬২.০০ লক্ষ, শেয়ার আদায় ০.০৫ লক্ষ এবং সঞ্চয় আদায় ০.৪৫ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির মাদার অ্যাকাউন্টে ২২১ জনের ৯৬০০ টাকা করে গচ্ছিত রয়েছে। তারমধ্যে ব্যাংক এশিয়ার মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থবছরের ১৫৭ জন ভাতাভোগীকে শনাক্ত করা হয়েছে। তাদের অ্যাকাউন্টে ভাতা বিতরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। অত্র কার্যালয়ের জন্য উপজেলা পরিষদের পশ্চিম পার্শ্বের তিনটি কক্ষ বরাদ্দ দেওয়া হয়েছে কিন্তু পানি এবং বিদ্যুৎ এর লাইন না থাকায় অফিস স্থানান্তর করা সম্ভব হচ্ছে না। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি ও ৮৫টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। এছাড়াও কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের আওতায় প্রকল্পভুক্ত আরো ১০০টি সমবায় সমিতি আছে, যা সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন করা হয়ে থাকে। সকল সমবায় সমিতির বার্ষিক অডিট পরিদর্শন, সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমসহ ২৫ জন সদস্যকে চলতি অর্থবছরে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের নিয়েও ০১টি সমবায় সমিতি রয়েছে। সেখানে সমবায় বিভাগকর্তৃক ২৭,৯০,০০০/- টাকা (ঘূর্ণায়মান তহবিল) সরকারি ঋণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জুলাই/২০২১ হতে বর্তমান পর্যন্ত বিভাগীয় ০৫ টি ও পল্লী উন্নয়নের আওতাভূক্ত সিভিডিপি প্রকল্পের ১২টি সমবায় সমিতিসহ মোট ১৭টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সমবায় বিভাগীয় সার্বিক কার্যক্রমকে আরো গতিশীল করার প্রচেষ্টা করা হবে মর্মে জানান। | সমবায় বিভাগের আওতাধীন সমবায় সমিতিসমূহের সংশ্লিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, রাজস্ব খাতভুক্ত প্রশিক্ষণ নভেম্বর/২০২১ পর্যন্ত ৩০০ জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া নভেম্বর/২১ পর্যন্ত ১২ জন যুব ও যুব মহিলাকে ৬,৯০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। জাতির পিতার জন্মশত বার্ষিকী উপলক্ষে "যুব শক্তি ও মুক্তিযুদ্ধ" বিষয়ে রচনা প্রতিযোগিতায় বালিয়াকান্দি উপজেলার জনাব মোঃ রাকিবুল ইসলাম, গ্রাম+ডাকঃ বহরপুর, বালিয়াকান্দি, রাজবাড়ী-প্রশিক্ষণ প্রাপ্ত যুব জেলার মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। বালিয়াকান্দি উপজেলায় যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্রের ৫০ শতক জমি বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক জেলা প্রশাসক মহোদয় কার্যালয়ে প্রেরিত প্রস্তাবে চাহিত শর্তাদি পুরুণপূর্বক পুনরায় প্রস্তাবটি প্রেরণের জন্য ইউএনও মহোদয়কে বিনীতভাবে অনুরোধ জানান । এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | ৫০ শতক জমির প্রস্তাবে চাহিত শর্তাদি পুরুণপূর্বক পুনরায় প্রস্তাবটি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান যে বনায়ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। প্রসংগক্রমে জানান পাকালিয়া থেকে বহরপুর রাস্তায় গাছ আছে। এখানে রাস্তার কাজ চলছে বিধায় গাছগুলো বিক্রি করা প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব উপস্থাপন করেন। এ পর্যায়ে আরো জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর বৃক্ষরোপনে জাতীয় পুরস্কার প্রদানের আওতায় আগ্রহী বাগান মালিকদের নিকট থেকে আবেদন করার সুযোগ রয়েছে। আগ্রহী বাগান মালিকদের আবেদন করার বিষয়ে উদ্বুদ্ধ করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বন বিভাগের কোথায় কোথায় গাছ লাগানো রয়েছে তার একটি তালিকা প্রদানে জন্য অনুরোধ করেন। | নির্মাণের সুবিধার্থে পাকালিয়া থেকে বহরপুর রাস্তার গাছ বিধি মোতাবেক বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় একইসাথে যে সমস্ত এলাকা/রাস্তায় বন বিভাগের গাছ রয়েছে তার একটি তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২টি টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে এবং এবং ৯৮টি গভীর সাব মারসেবল নলকূপ স্থাপনের কাজ চলছে। | গৃহীত নলকূপ এবং সাব মারসেবল স্থাপনের কাজটি সুষ্ঠু এবং সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জঃস্বাঃঅঃ |
| ১৯ | বিবিধ | ১। পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি সভার শুরুতেই স্ব-স্ব বিভাগের সিদ্ধান্তগুলো বাস্তবায়নসহ সরকার কর্তৃক প্রদানকৃত দায়িত্বসমূহ সঠিকভাবে পালনের জন্য পরামর্শ প্রদান করেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে সকলের ঐকান্তিক সহযোগিতায় সুষ্ঠু ও সুন্দরভাবে নির্বাচন কার্যক্রম সম্পন্ন হওয়ায় উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।<br><br>২। উপজেলা চেয়ারমান প্রস্তাব করেন যে, আমাদের উপজেলা পরিষদের হলরুমের জন্য দুইটি এসি স্থাপন করা খুবই জরুরী হয়েছে পড়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। স্ব-স্ব বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পাশাপাশি এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলসহ সংশ্লিষ্ট অন্যান্য খাতের অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>২।উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ২,৪২,০০০/-(দুই লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকার মধ্যে উপজেলা পরিষদের হলরুমের জন্য ০২(দুই)টি এসি ক্রয়অন্তে তা স্থাপনের পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫/১২/২০২১

(মোঃ আবুল কালাম আজাদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী ।

স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-২৪৬ (৩২), তারিখ ১৩/১২/২০২১ খ্রি.।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
০৭-২৪। উপজেলা . . . . . . . . . . . . . . . কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী।
২৫-৩১। চেয়ারম্যান.... . . . . . . . . . . (সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৩২। অফিস কপি।

(মোঃ হাসিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যগণের হাজিরা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আব্দুস সালাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ ইউনুস আলী সরদার, | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব ডাঃমোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব ডাঃ মোঃ শাহিনুর রহমান (ভেটেরিনারি সার্জন) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ আসরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ আলমগীর বাদশা | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ নাজিউর রহমান | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর | স্বাক্ষরিত |
| ২১ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আবুল হোসেন আলী, চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ | |
| ০২ | জনাব নায়েব আলী সেখ, চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ | |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী | |